

## চাঁদার দাবিতে মাদ্রাসার ছাত্র অপহরণ

শ্যামনগর (সাতক্ষীরা) সরৌদদাতা  
সুভক্ষীর শ্যামনগরে ফিরোজ  
হোসেন (১৫) নামে হাফিজিয়া মাদ্রাসার  
এক ছাত্রকে চাঁদার দাবিতে অপহরণ  
করা হয়েছে। ঘটনাটি ঘটেছে ইন্দুরীপুর  
ইউনিয়নের বংশিপুর হাফিজিয়া  
মাদ্রাসায়। সে পশ্চিম মাহমুদপুর  
গ্রামের অজিয়ার হোসেন গাজীর ছেলে।  
অজিয়ার হোসেন জানান, তার  
হাফিজিয়া মাদ্রাসায় পড়ুয়া ছেলেকে  
চাঁদার দাবিতে দুর্বৃত্তরা অপহরণ  
করেছে। গত ১৬ এপ্রিল তার ছেলে  
মাদ্রাসায় পড়তে যায়। এরপর আর সে  
ফিরে আসেনি। মঙ্গলবার বিকালে  
একটি মোবাইল নম্বর থেকে ৫০ হাজার  
টাকা চাঁদা দাবি করা হয়। এ ঘটনায়  
অপহৃতের পিতা শ্যামনগর-থানায়  
একটি সাধারণ ডায়েরি করেছেন।